

## পরীক্ষা না নেয়ায় চবির ফাইন্যান্স বিভাগে তাল

### ■ চবি প্রতিনিধি

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিশেষ অনুমতি পাওয়ার পরও পরীক্ষা না নেয়ার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগে তাল লাগিয়ে দিচ্ছে শিক্ষার্থীরা। গতকাল শনিবার সকালে এ ঘটনা ঘটে।

সূত্র জানায়, বিভাগের ২০০৮-০৯ বর্ষের শিক্ষার্থী মো. মোশাররফ হোসেন পান্থ ২০১১ সালের প্রথমবর্ষের পরীক্ষায় তিনটি বিষয়ে ফেল করেন। পরবর্তীতে যানোয়ারুল পরীক্ষায় অংশগ্রহণ করলেও কৃতকার্য হতে পারেননি। এমতাবস্থায় পরবর্তীতে আবারও যানোয়ারুল পরীক্ষা দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় উপাচার্যের সুপারিশক্রমে পরীক্ষা নিয়ন্ত্রক গত বছরের ১২ ডিসেম্বর প্রতি বিষয়ে এক হাজার টাকা ফি প্রদান সাপেক্ষে তাকে বিশেষ পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করেন। কিন্তু বিভাগীয় সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ সালেহ জহুর পরীক্ষা নিতে অস্বীকৃতি জানান।

এর প্রতিবাদে শনিবার সকাল নয়টার দিকে মোশাররফ ও তার করেকজন বন্ধু বিভাগের সকল শ্রেণী কক্ষ, অফিস ও সভাপতির কক্ষে তাল ফুটিয়ে দেন। বহু পয়ে বিশ্ববিদ্যালয় প্রক্টর সিরাজ উমদৌল্লাহ বিভাগে গিয়ে তাল ভেঙ্গে ফেলেন। এরপর ঐ শিক্ষার্থীরা বেলা ১২টার দিকে দ্বিতীয় মহলায় বিভাগে তাল লাগিয়ে দেন। বিশ্ববিদ্যালয় প্রক্টর সিরাজ উমদৌল্লাহ বলেন, এ ব্যাপারে এখন পর্যন্ত কোন চুক্তি দিচ্ছাও হয়নি। পরীক্ষা নেয়ার বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।